



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৭৬.২৩.৪৫৮

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১

০৯ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৮৭৫৯/২০২৩ মোকদ্দমাটি জেলা পরিষদ, শেরপুর-এর পক্ষে প্রতিদ্বন্দ্বিতাপূর্বক বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৭৫৯/২০২৩-এর ২০/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ কার্যালয়, শেরপুর-এর গত ২৫/০৯/২০২৩ খ্রি. তারিখের জেপশে/সা:শা:/২০২২-২০২৩/২০০ সংখ্যক স্মারকে জেলা পরিষদ ডাকবাংলো, নালিতাবাড়ী হতে জেলা পরিষদ ডাকবাংলো, শেরপুর সদর, শেরপুর-এ বদলীকৃত নিরাপত্তা প্রহরী (দৈ:ভি:) জনাব মো. রমজান আলী-কে "No work No pay" নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকুরী হতে অব্যাহতি প্রদান করে অফিস আদেশ জারি করা হয়। ফলে পিটিশনার জনাব মো. রমজান আলী-এর রিট আবেদনের প্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং ৮৭৫৯/২০২৩-এ Supplementary Rule প্রদান করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, চেয়ারম্যান, জেলা পরিষদ, শেরপুর-কে ২নং এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর-কে ৩নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৭৫৯/২০২৩ মোকদ্দমাটি জেলা পরিষদ, শেরপুর-এর পক্ষে প্রতিদ্বন্দ্বিতাপূর্বক বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8915/potrojariAttachmentRef/54079/0/2240)

১০-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (বুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

চেয়ারম্যান, জেলা পরিষদ, শেরপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৭৬.২৩.৪৫৮/১(৫)

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১

০৯ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১০-৫-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (ব্লুটিন দায়িত্ব)